Text Alignment in a Table – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৫৭

tutorial.hamimit.com/text-alignment-in-a-table


Text Alignment in Tableনিয়ে এ পর্বে বিস্তারিত আলোচনা করা হয়েছে। পূর্বের টিউনে টেক্সট এলাইনমেন্ট নিয়ে আলোচনা করা হয়েছে। আজকের পর্বে টেবিলে কিভাবে টেক্সট এলাইন (অবস্থান) করা যায় সে বিষয়ে ধারণা দেয়া হয়েছে।

সাধারণত **এম এস ওয়ার্ড ২০১৬** ডকুমেন্টে টেক্সট এলাইন সম্পর্কে অবগত। কিন্তু টেবিলের সেলে অবস্থিত টেক্সটসমূহও এল্যাইন করা যায়। ওয়ার্ড টেবিলের সেলে অবস্থিত টেক্সটকে ০৯ (নয়) ভাবে এলাইন পরিবর্তন করা যায়।

এম এস ওয়ার্ড ২০১৬ ডকুমেন্টের টেবিলের সেলের টেক্সটসমূহের বিভিন্ন এলাইনমেন্ট নিম্নে বর্ণিত হলো। টেবিলের সেলে নিচের কমাণ্ডসমূহ প্রয়োগ করায় টেক্সটসমূহের অবস্থান বর্ণিত হলো।

1. **Align Top Left:** ওপরের বায়ে অবস্থান করবে।
2. **Align Top Center:** ওপরের মাঝে অবস্থান করবে।
3. **Align Top Right:** ওপরের ডানে অবস্থান করবে।
4. **Align Center Left:** মাঝের বায়ে অবস্থান করবে।
5. **Align Center:** মাঝে অবস্থান করবে।
6. **Align Center Right:** মাঝের ডানে অবস্থান করবে।
7. **Align Bottom Left:** নিচের বায়ে অবস্থান করবে।
8. **Align Bottom Center:** নিচের মাঝে অবস্থান করবে।
9. **Align Bottom Right:** নিচের ডানে অবস্থান করবে।

উদাহরণ হিসেবে **হা-মিম আইটি** লেখাটি টেবিলের সেলে এলাইনমেন্ট কমাণ্ডসমূহ প্রয়োগে ৯টি অবস্থান চিত্রের মাধ্যমে দেখানো হলো:




যা শিখবো, তা এক নজরে-

- টেবিলের সেলের টেক্সটসমূহের এলাইনমেন্ট পরিবর্তন করা (Change the alignment of the text in the table cell)
- টেবিলের সেলের টেক্সট ডিরেকশন পরিবর্তন করা

Related

টেবিলের সেলের টেক্সটসমূহের এলাইনমেন্ট পরিবর্তন করা (Change the alignment of the text in the table cell)

- প্রয়োজনীয় সেলে সেল পয়েন্টার রাখুন।
- **Table Tools** এর অধীনে **Layout** ট্যাবে অবস্থিত **Alignment** গ্রুপ বা প্যানেলে অবস্থিত বিভিন্ন অপশন হতে প্রয়োজনীয় অপশন সিলেক্ট করুন।




লক্ষ্য করুন, সিলেক্টকৃত সেলে প্রয়োগকৃত কমাণ্ড এর ফলাফল প্রদর্শিত হচ্ছে।

নোট: একাধিক সেল সিলেক্ট করে একাধিক সেলের এলাইনমেন্ট পরিবর্তন করা যাবে।

টেবিলের সেলের টেক্সট ডিরেকশন পরিবর্তন করা

- প্রয়োজনীয় সেলে সেল পয়েন্টার রাখুন।
- **Table Tools** এর অধীনে **Layout** ট্যাবে অবস্থিত **Alignment** গ্রুপ বা প্যানেল এর **Text Direction** ক্লিক করুন। প্রয়োজনে একাধিকবার ক্লিক করে পরিবর্তন লক্ষ্য করুন।



লক্ষ্য করুন, সিলেক্টকৃত সেলে প্রয়োগকৃত কমাণ্ড এর ফলাফল প্রদর্শিত হচ্ছে।

Use Template Effectively – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৫৬ দেখতে এখানে ক্লিক করুন।

Create PDF File Format – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৫৮ দেখতে এখানে ক্লিক করুন।

Text Alignment in Table নিয়ে তৈরি টিউন আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে **কিভাবে ওয়ার্ড ডকুমেন্ট পিডিএফ ফরমেটে (Create PDF File Format) এ তৈরি করা যায়** সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।

টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়াটি তথ্যবহুল হয় তবে বন্ধুমহলে শেয়ার করুন।